



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণিজ্য মন্ত্রণালয়

করোনা মহামারী সময়ে স্বাস্থ্যবিধি অনুসরণ করে কোরবানি দিন

“জাতীয় সম্পদ চামড়া, রক্ষা করবো আমরা”

সঠিকভাবে পশুর চামড়া ছাড়ানো ও লবণ দিয়ে সংরক্ষণ প্রসঙ্গে



### কাঁচা চামড়া সংরক্ষণ পদ্ধতি

- চামড়া ছাড়ানোর পর লবণ দিয়ে সংরক্ষণের পূর্বে অবশ্যই চামড়ায় লেগে থাকা চর্বি, মাংস, রক্ত, মাটি এবং গোবর ভালোভাবে পরিষ্কার করে নিতে হবে। চামড়ায় পর্যাপ্ত রক্ত থাকলে পানি দিয়ে ধুয়ে নিয়ে চামড়ার পানি ঝড়িয়ে লবণ প্রয়োগ করতে হবে।
- কাঁচা চামড়া ছাড়ানোর পর সংরক্ষণের জন্য (গরুর চামড়ার ক্ষেত্রে ৭-৮ কেজি এবং ছাগল/ভেড়ার চামড়ার ক্ষেত্রে ৩-৪ কেজি) লবণ প্রয়োগ করতে হবে। লবণ এমনভাবে প্রয়োগ করতে হবে যেন চামড়ার ফ্লেস সাইডের কোন অংশ ফাকা না থাকে, লবণ সমভাবে চামড়ায় ছড়িয়ে দিতে হবে।
- চামড়া ছাড়ানোর ৪-৫ ঘণ্টার মধ্যে অবশ্যই লবণ লাগাতে হবে এবং সংরক্ষণের জায়গা একটু ঢালু হতে হবে, যেন চামড়া থেকে পানি ও রক্ত সহজেই গড়িয়ে যেতে পারে।
- লবণ দেওয়া চামড়া এমন জায়গায় রাখতে হবে, যেন রোদ বা বৃষ্টির পানি না লাগে এবং বাতাস চলাচল স্বাভাবিক থাকে।



চামড়ার গায়ে লেগে থাকা চর্বি মাংস কেটে ফেলতে হবে।



পরিষ্কার করার পর চামড়া থেকে পানি ঝড়িয়ে নিতে হবে।




চামড়ার ফ্লেস সাইডে লবণ প্রয়োগ করতে হবে।



সংরক্ষিত চামড়া সামান্য ঢালু জায়গায় স্তুপীকৃত করতে হবে।

## সঠিকভাবে চামড়া ছাড়ানোর পদ্ধতি

- চামড়া ছাড়ানোর সময় প্রথমেই পশুর সামনের এক পা থেকে বুকের উপর দিয়ে অন্য পা পর্যন্ত লম্বালম্বিভাবে এবং পেছনের এক পা থেকে অন্য পা পর্যন্ত লেজের গোড়া থেকে প্রায় ৪-৬ ইঞ্চি উপর দিয়ে লম্বালম্বিভাবে কাটতে হবে।
- জবাই এর পর চামড়া আঁড়াআঁড়ি কাটার জন্য সুচালো মাথার ছুরি এবং চামড়া ছাড়ানোর জন্য অবশ্যই বাঁকানো মাথার ছুরি ব্যবহার করতে হবে।
- কোরবানির পশু জবাই এর পর রক্তমাখা ছুরি কোনভাবেই পশুর চামড়ায় মোছা যাবে না, এতে চামড়ার ক্ষতি হতে পারে।
- কাঁচা চামড়ার বড় ধরণের ক্রটি (লেস্-কাট) যা অসতর্কতা, অজ্ঞতা ও ভুল ছুরি ব্যবহারের মাধ্যমে হয়ে থাকে। উপযুক্ত প্রশিক্ষণ, সতর্কতা ও বাঁকানো মাথার ধারালো ছুরি ব্যবহার করে লেস্-কাট হ্রাস করা সম্ভব।



সুচালো ও বাঁকানো মাথার ধারালো ছুরি।



চামড়ায় লম্বালম্বি কাটা স্থান।



চামড়া ছাড়ানোর পদ্ধতি।



বাঁকানো মাথার ছুরি ব্যবহার না করলে সহজেই লেস্-কাট হতে পারে।

## পশু জবাই এর পূর্বে করণীয়

- কোরবানির পশু জবাই এর পূর্বে যথেষ্ট বিশ্রাম, গোসল ও পর্যাপ্ত পানি খাওয়াতে হবে।
- জবাই এর স্থান সমতল ও পরিষ্কার হতে হবে।
- জবাই এর স্থানে পূর্বেই মাটিতে বড় একটি গর্ত করে নিতে হবে যেন রক্ত সহজেই গড়িয়ে ঐ গর্তে যেতে পারে।
- জবাই এর ছুরি বড় ও যথেষ্ট ধারালো হতে হবে।
- জবাই এর পর পশুর দেহ হতে রক্ত ভালভাবে ঝরে যেতে দিতে হবে।
- পশুকে শোয়ানো অবস্থায় টানা-হেঁচড়া করা যাবে না, যেন ঘর্ষণে চামড়া নষ্ট না হয়।
- পরিবেশ দূষণ রোধকল্পে কোরবানির বর্জ্য দ্রব ও সঠিকভাবে অপসারণ করতে হবে এবং জীবানুনাশক ছিটিয়ে দিতে হবে।
- করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি অনুসরণ করে মাস্ক পরিধান, হ্যান্ড গ্লাভস ব্যবহারসহ অন্যান্য স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।



জবাই এর পূর্বে পশুকে পানি দ্বারা ভালভাবে পরিষ্কার করে শুকিয়ে নিতে হবে।



জবাই এর স্থানে একটি গর্ত করতে হবে।



গর্ত করা না হলে চামড়ায় রক্ত লাগবে ও পরিবেশ দূষণ হবে।



গর্তে গোবর ও অন্যান্য ময়লা রাখতে হবে।

আসুন আমরা চামড়ার যত্ন নেই ও দেশের অর্থনীতি শক্তিশালী করি।

প্রচারণায় ও জনসচেতনতায় :



লেদার সেক্টর বিজনেস প্রমোশন কাউন্সিল  
বাণিজ্য মন্ত্রণালয়



বাংলাদেশ ফিনিশড লেদার, লেদারগুডস্ অ্যান্ড  
ফুটওয়্যার এক্সপোর্টারস এসোসিয়েশন



বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন